

সামাজিক মাধ্যমে বিভিন্ন রাজ্যের নির্বাচন নির্ঘন্ট প্রচার করার ফলে এ বিষয়ে অভূতপূর্ব সাড়া পাওয়া গিয়েছে

নয়াদিল্লি, ০৫ জানুয়ারি, ২০১৭

নাগরিকদের সুবিধার্থে নির্বাচন নির্ঘন্ট এবং নির্বাচন কমিশন সংক্রান্ত অন্যান্য নীতি-নির্দেশিকার ব্যাপক প্রচারের প্রয়োজনে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের প্রেস ইলফরমেশন ব্যুরো বা পিআইবি ফেসবুক, টুইটার এবং ইউটিউবের মতো সামাজিক মাধ্যমের ব্যবহার করে গতকাল, অর্থাৎ ভারতের নির্বাচন কমিশন দ্বারা পাঁচটি রাজ্যের নির্বাচন নির্ঘন্ট ঘোষণার পর থেকে। নির্বাচন কমিশনের সাংবাদিক সম্মেলনটিও সরাসরি কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে সম্প্রচারিত হয়। পাশাপাশি পিআইবির ফেসবুক পাতা তথ্য সম্প্রচার মন্ত্রক এবং ফেসবুক ইন্ডিয়াতেও এর প্রচার করা হয়। গুরুত্বপূর্ণ নির্বাচন নির্দেশিকাগুলি পিআইবি এবং মন্ত্রক সরাসরি টুইট করে এবং ফেসবুক পাতায়-ও জায়গা নেয় সেগুলি।

মন্ত্রকের সামাজিক মাধ্যমের হিসেবে নির্বাচন নির্ঘন্ট নিয়ে মোট ২২-টি টুইট, পাঁচটি ফেসবুক এবং একটি ইউটিউব পোস্ট হয়েছে। ফেসবুকের পাতার পাঁচটি পোস্ট পৌঁছে যায় ৫.২৪ লক্ষ মানুষের কাছে। এবং সেটি ১,২১৯-টি লাইক পায় এবং ১৪০ জন সেটিকে শেয়ার করে। কমিশনের সাংবাদিক সম্মেলনটিও সরাসরি মন্ত্রকের ফেসবুকের পাতায় জায়গা করে নেয় এবং সেটি প্রত্যক্ষ করে ১২ হাজার মতামত পাওয়া গিয়েছে। সম্মেলনটি মন্ত্রকের ফেসবুক পাতার মাধ্যমে পৌঁছে যায় ৪.৯৫ লক্ষ মানুষের কাছে।

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক যে ২২-টি টুইট করে তার ফলে ৫৫,১২৭টি মতামত পাওয়া গিয়েছে। সেগুলিকে ১,৪৪৮ বার পুনরায় টুইট করা হয়েছে। কমিশনের সাংবাদিক সম্মেলনটিও সম্প্রচারিত করার ফলে, ১,৭০০টি মতামত পাওয়া গিয়েছে।

প্রসঙ্গত, পিআইবি-র সোশ্যাল মিডিয়াগুলিতে নির্বাচন নির্ঘন্ট-কেন্দ্রিক মোট ৬৮টি টুইট এবং ১০-টি ফেসবুক পোস্ট করা হয়েছে। ফেসবুক পোস্ট পৌঁছে গিয়েছে ২৯,৭০০ জন মানুষের কাছে। পেয়েছে ১৬৭-টি লাইক। ৪৬-জন সেটি শেয়ার করেছে। পাশাপাশি, পিআইবি-র টুইটের ফলে ৬.৫ লক্ষ মতামত এসেছে এ বিষয়ে। পিআইবি-র ফেসবুক পাতায় সরাসরি সেটি জানানোর জন্য সাংবাদিক

TRIPURAINFO

সম্মেলনটি পৌঁছে গিয়েছে ৩.০৪ লক্ষ মানুষের কাছে। পাওয়া গিয়েছে ৮০০-টি মতামত।

এর পাশাপাশি, নির্বাচন কমিশনের সাংবাদিক সম্মেলনটি এই প্রথমবার সরাসরি জায়গা করে নিয়েছে দুটি ফেসবুক পাতায়। পাতাদুটি হল ফেসবুক ইন্ডিয়া এবং গভর্নমেন্ট পলিটিক্স অ্যান্ড নন প্রফিটস। ফেসবুক লাইভ স্ট্রিমটিও ৬,৪০০ লাইক পেয়েছে। ৬২৪-জন সেটিকে শেয়ার করেছে।

